দর্শনা সীমান্তে ৮০ হাজার ইউএস ডলার উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানার ফুলবাড়ী সীমান্ত এলাকা থেকে ৮০ হাজার ইউএস ডলার উদ্ধার করা হলেও কাউকে আটক করতে পারেনি ৬ বিজিবি।

করোনা মহামারি ও ইউক্রেন-রাশিয়া যুদ্ধের কারণে আমদানি ব্যয় বৃদ্ধি ও প্রবাসী আয় বা রেমিট্যান্স কমে যায়। এতে দেশে ডলারের তীব্র সংকট দেখা দিয়েছে। রপ্তানি আয় বাড়লেও ডলারের সংকট মিটছে না। ফলে প্রতিনিয়ত বেড়েছে ডলারের দাম। এ জন্য রিজার্ভ থেকে ডলার ছেড়ে বাজার নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করছে কেন্দ্রীয় ব্যাংক। এরপরও কিছুতেই বাগে আসছে না ডলারের তেজিভাব।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি সদর দপ্তরে বুধবার বিকেলে প্রেস ব্রিফিংয়ে লেফটেন্যান্ট কর্নেল শাহ মোহাম্মদ ইশতিয়াক জানান, ফুলবাড়ী সীমান্ত এলাকা দিয়ে মালামাল পাচার করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় বিজিবি।

পাচারের সময় সীমান্ত পিলার ৮৫ হতে ৩০০ গজ বাংলাদেশের ভেতরে অজ্ঞাত পরিচয় এক ব্যক্তিকে একটি ব্যাগ বহন করে নিয়ে যেতে দেখে তাকে টহল দল চ্যালেঞ্জ করে। এ সময় সে ব্যাগটি দূরে ছুড়ে ফেলে দৌড়ে পালিয়ে যায়।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির পরিচালক জানান, ব্যাগটি জব্দ করে কাগজে মোড়ানো ৮টি প্যাকেট উদ্ধার করা হয়। প্রতিটি প্যাকেট থেকে ১০০ ইউএস ডলারের ১০০টি নোট পাওয়া যায়। এই হিসাবে মোট ৮০ হাজার ইউএস ডলার উদ্ধার করা হয়। তিনি আরও জানান, ইউএস ডলারগুলো ভারতে পাচার করা হচ্ছিল।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির জানান ৮০ হাজার ইউ এস উদ্ধারের ঘটনায় কোন চোরাচালানীকে আটক করতে পারেনী,তবে মালামাল ট্রেজারি অফিসে জমার প্রক্রিয়া চলছে। এ ঘটনায় দর্শনা থানায় মামলা হয়েছে।